

বিস্ফোরক পরিদপ্তরের নৈতিকতার কমিটির ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ  
সভার তারিখ ও সময় : ২১/০৬/২০২১ স্থি: বেলা ১১:০০ ঘটিকা।  
সভার স্থান : প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর সভা কক্ষ।


সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল এর ফোকাল পয়েন্ট জনাব মোঃ আব্দুর রব, বিস্ফোরক পরিদর্শক জানান, ২০২০-২০২১ অর্থবছরের নৈতিকতার কমিটির ৪টি সভা নির্ধারণ করা আছে এবং উক্ত সভাটি ৪র্থ সভা।

ফোকাল পয়েন্ট সভাপতিকে ধন্যবাদ জানিয়ে উপস্থিত সকলকে অবহিত করে বলেন, জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২০-২১ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠান নিমিত্তে অংশীজনের অংশগ্রহণের ২টি সভা, কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তিনি আরও বলেন, ওয়েবসাইটে বিভিন্ন তথ্য হালনাগাদ করা হয়েছে, উত্তম চর্চার তালিকা যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। আওতাধীন আঞ্চলিক কাযালয় কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের উপর ফিডব্যাক প্রদান সভা নিয়মিত অনুষ্ঠিত হয়েছে।

তিনি আরও বলেন, শুদ্ধাচার চর্চার জন্য একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে পুরস্কার প্রদান করতে হবে এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। ইতিমধ্যে জনাব সানজিদা আন্তার, সহকারী বিস্ফোরক পরিদর্শক এবং জনাব মোঃ আরিফ আহমেদ, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিককে শুদ্ধাচার পুরস্কার প্রদানের জন্য মনোনয়ন দেওয়া হয়েছে। যা দ্রুত ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।

কর্মপরিকল্পনা অনুযায়ী কর্মপরিবেশ উন্নয়নে পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধিতে সকলে সচেতন রয়েছেন। তাছাড়াও প্রজ্ঞালনীয় তরল পদার্থের আমদানির অনাপত্তি সংক্রান্ত কিছু নথি বিনষ্ট করার জন্য পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে যা দ্রুতই বাস্তবায়ন করা হবে।

২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

  
(আবুল কালাম আজহার)  
প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ  
টেলিফোন: ৯৩৪৫২৫৮